

জনাব ড. আজিজ আহমদ ভূঞা
রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ও
কমিশনের সদস্য



জনাব ড. আজিজ আহমদ ভূঞা, সিনিয়র জেলা ও দায়রা জজ (গ্রেড-১), বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের একজন সিনিয়র কর্মকর্তা। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে এলএল.বি. (সম্মান) ও এলএল.এম. (প্রথম শ্রেণি) অর্জন করেন। ১৯৯২ সালে তিনি বাংলাদেশ বার কাউন্সিলে এবং পরবর্তীতে ১৯৯৪ সালে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হন। অতঃপর ১৯৯৪ সালে ত্রয়োদশ বিসিএস পরীক্ষায় সাফল্যের সাথে উত্তীর্ণ হয়ে বিসিএস (বিচার) ক্যাডারে সহকারী জজ হিসেবে ঢাকা জজ কোর্টে যোগদান করেন।

পরবর্তীতে সিনিয়র সহকারী জজ, যুগ্ম জেলা জজ, অতিরিক্ত জেলা জজ হিসেবে দেশের বিভিন্ন জেলায় এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে প্রেষণে সিনিয়র সহকারী সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি ২০১৫ সালে জেলা ও দায়রা জজ পদে পদোন্নতি লাভ করেন এবং ২০২০ সালে সিনিয়র জেলা ও দায়রা জজ (গ্রেড-১) হিসেবে পদায়িত হন। তিনি ২০১৮ হতে ২০২২ সাল পর্যন্ত দিনাজপুর জেলায় জেলা ও দায়রা জজ পদে এবং ২০২২ সালের ৫ এপ্রিল হতে ২০২৪ সালের ৭ জুলাই পর্যন্ত চট্টগ্রামে সিনিয়র জেলা ও দায়রা জজ হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালন করেন।

বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী জনাব ড. আজিজ আহমদ ভূঞা ৮ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে বাংলাদেশ সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল হিসেবে যোগদান করেন।

জনাব ড. আজিজ আহমদ ভূঞা ব্রিটিশ শিভেনিং স্কলারশিপের আওতায় যুক্তরাজ্যের বার্মিংহাম বিশ্ববিদ্যালয় হতে ২০০৫ সালে ফেলোশীপ অর্জন করেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগ হতে আইন বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রী অর্জন করেন। তিনি অস্ট্রেলিয়ার ওয়েস্টার্ন সিডনী বিশ্ববিদ্যালয়, দক্ষিণ কোরিয়ার সিউল সিভিল সার্ভিস একাডেমী এবং ভারতের ন্যাশনাল জুডিসিয়াল একাডেমী ও রাজস্থান স্টেট জুডিসিয়াল একাডেমীতে আইন ও বিচার বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন।

আইন ও বিচার বিষয়ক বিভিন্ন জার্নালে তার গবেষণামূলক প্রবন্ধ/নিবন্ধ প্রকাশিত হয়েছে।